গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -১ অধিশাখা
www.sid.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গঠিত 'জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (কক্ষ নং-১১০৪, ব্লক-এ)।
সভার তারিখ ও সময়: ২২ ডিসেম্বর ২০১৯, রবিবার, বিকাল: ০৩.০০ ঘটিকায়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। অত:পর সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলাম অতিরিক্ত সচিব এর নিকট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি জানতে চাইলে, তিনি জানান যে গত ০১ ডিসেম্বর, ২০১৯ তারিখ বাস্তবায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কয়েকটি বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় যা অদ্যকার সভায় চূড়ান্তকরণ করা যেতে পারে।

০২। সভাপতি বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানালে সভায় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তসমূহ নিম্নরূপভাবে উপস্থাপনের পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | SID ও BBS এর ওয়েব পোর্টালে বঙ্গবন্ধু কর্নার স্থাপন | SID ও BBS এর ওয়েব পোর্টালে বঙ্গবন্ধু কর্নার স্থাপনের কাজ পূর্বের উপকমিটি যথানিয়মে সম্পাদন করবে মর্মে বাস্তবায়ন কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। সভায় ওয়েব পোর্টালটি প্রদর্শন করা হয়। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনা করে উপকমিটি পোর্টালটিকে অধিকতর পরিমার্জন করবেন।<br>(খ) কমিটির সভাপতি জাতির পিতার দূলর্ভ ছবি ও তথ্য সংগ্রহ করে পোর্টালে অন্তর্ভূক্ত করবেন। |
| | পরিসংখ্যান ভবনে বঙ্গবন্ধু মেমোরিয়াল স্থাপন | বাস্তবায়ন কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, বঙ্গবন্ধু মেমোরিয়াল স্থাপনের জন্য অর্থ বিভাগ হতে বাজেট প্রাপ্তির বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস একযোগে কাজ করবে।<br>২. অর্থ বরাদ্দের যৌক্তিকতা উল্লেখপূর্বক দ্রুততম সময়ের মধ্যে বিবিএস হতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে বাজেট বরাদ্দের পত্র প্রেরণের সিদ্ধান্তের প্রেক্ষিতে বিবিএস SID তে পত্র প্রেরণ করে, যা ইতোমধ্যে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি বলেন, এ মেমোরিয়ালটি স্থাপন করা হলে এটা হবে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের প্রতি | (ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পক্ষ থেকে মোসাঃ কামরুন্নাহার, উপসচিব ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক ও উপমহাপরিচালক সমন্বিতভাবে বাজেট বরাদ্দের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বাজেট আনয়নের বিষয়ে ত্বরিত ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(খ) আগামী ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে এ কার্যক্রমের জন্য টেন্ডার আহবান |

| | | | |
|---|---|---|---|
| | | পরিসংখ্যান পরিবারের অগাধ শ্রদ্ধা প্রদর্শন। তিনি বিবিএস এর মহাপরিচালক ও উপমহাপরিচালককে অর্থ বিভাগ হতে বাজেট প্রাপ্তির বিষয়ে সর্বাত্মক উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন। বাজেট প্রাপ্তির ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সংশ্লিষ্ট শাখা হতেও সর্বাত্মক সহযোগিতা করা হবে মর্মে তিনি সভাকে জানান। | করতে হবে।<br><br>(গ) আগামী ১৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে অবশ্যই এই কাজটি সম্পন্ন করতে হবে।<br><br>(ঘ) অতিরিক্ত সচিব (প্রশাসন) বঙ্গবন্ধু মেমোরিয়াল নির্মানের সার্বিক কার্যক্রম সমন্বয় সাধন করবেন। |
| ০২. | ডিজিটাল ডিসপ্লে স্থাপন | বাস্তবায়ন কমিটির সভায় পরিসংখ্যান ভবনে 16x 16 ফুট ডিজিটাল ডিসপ্লে প্যানেল বিবিএস এর 'Data Conversion, Meta Data Preparation, Preservation & Time Series Data Compilation Project' কর্তৃক স্থাপন করা এবং সরকারের সংশ্লিষ্ট সকল বিধি-বিধান অনুসরণ করে ২০ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে ই-জিপি করতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল এবং ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে এ কার্যক্রম সম্পূর্ণরূপে সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। এ বিষয়ে প্রকল্প পরিচালককে সার্বিক ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়েছিল। এছাড়াও বিবিএস এর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়গুলো ভাড়া বাসায় হওয়ায় ডিজিটাল ডিসপ্লে স্থাপন সমীচীন হবেনা মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল।<br>সভায় সংশ্লিষ্ট কমিটির পক্ষ থেকে জানানো হয় যে, ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছে। আগামী ০২ জানুযারি ২০২০ দরপত্র উম্মুক্ত করা হবে। | (ক) আগামী ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে এলইডি প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>(খ) এলইডি ক্রয় এর ক্ষেত্রে অবশ্যই বাজার দর সঠিকভাবে যাচাই করে যৌক্তিক মূল্যে এলইডি ক্রয় করতে হবে। ক্রয়ের পূর্বে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>(গ) বিভাগীয় কার্যালয়ে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করার সিদ্ধান্ত বাতিল করা হলো। |
| ০৩. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক তথ্য চিত্র নির্মাণ | সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক ১০ টি দিবস ও তারিখকে ভিত্তি ধরে ৫-১০ মিনিটের একটি অডিও ভিজ্যুয়াল তৈরি করতে হবে এবং দিবসগুলোর সাথে মিল রেখে যাবতীয় অডিও ভিজ্যুয়াল ও কনটেন্ট সংগ্রহ করতে হবে।<br>এ উপকমিটি প্রদত্ত প্রাক্কলিত ১০ লক্ষ টাকার বাজেট এর ভিত্তিতে ব্যয় বিবিএস বহন করবে মর্মেও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল, এছাড়াও আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে এ কমিটি কনটেন্ট তৈরি ও অডিও ভিজ্যুয়াল নির্মাণের কাজ শেষ করবে।<br>এ উপকমিটির সভাপতি ড. মো: শাহাদাৎ হোসেন, পরিচালক, এসএসটিআই বলেন, এ | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক তথ্য চিত্র নির্মাণ কমিটিতে জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিবকে অন্তর্ভূক্ত করা হলো। তিনি এ বিষয়ে ড. মোঃ শাহাদাৎ হোসেনকে সর্বাত্মক সহায়তা প্রদান করবেন।<br><br>(খ) পূর্বের প্রস্তাবিত ব্যয় কমিয়ে এনে ৫(পাঁচ) লক্ষ টাকার (কম বেশি) মধ্যে অডিও ভিজুয়াল (AV) নির্মাণ করতে হবে।<br><br>(গ) আগামী ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে অডিও ভিজুয়াল (AV) নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে কমিটি একাধিক ভেন্ডরের সাথে কথা বলেছে এবং বঙ্গাবন্ধুর জীবনী ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের জন্য কনটেন্ট তৈরি ও ০৫ টি অডিও ভিজুয়াল (AV) নির্মাণের বেশ কিছু বাজেট প্রস্তাব তারা গ্রহণ করেছেন যা অনেক ক্ষেত্রেই অবিশ্বাস্য ও মনগড়া যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়।<br>সভায় জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব জানান যে, আরও কম ব্যয়ে অডিও ভিজুয়াল (AV) নির্মাণের সুযোগ রয়েছে। | |
| ০৪. | স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থার তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুত | জনাব জিয়াউদ্দিন আহমেদ, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং জানান, স্বাধীনতার পূর্ববর্তী ও পরবর্তী সময়ে অনুষ্ঠিত বিভিন্ন শুমারি হতে প্রাপ্ত মৌলিক সূচকসমূহ এবং স্বাধীনতার পূর্ববর্তী তথ্য উপাত্ত প্রাপ্তির ক্ষেত্রে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বাংলাদেশ জাতীয় আর্কাইভস, বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার প্রভৃতি উৎস থেকে তথ্য উপাত্ত সংগ্রহের কাজ চলছে। সকল বিষয় সন্নিবেশনপূর্বক ১৬০ পাতার ৪ কালারের একটি প্রকাশনা মুদ্রণ করা হবে। সভাপতি বলেন, একটি মানসম্মত প্রকাশনা মুদ্রণ করতে হবে। জনাব জিয়াউদ্দিন আহমেদ, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং আরও জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকাশনা ২০০০ কপির পরিবর্তে আরও বেশি প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে প্রাক্কলিত বাজেট বাড়বে। প্রাক্কলিত বাজেট ছিল ১০ লাখ টাকা।<br>বিবিএস এর উপমহাপরিচালক জানান, প্রকাশনা খাতের নিয়মিত বরাদ্দ থেকে এ ব্যয়ভার বহন করা হবে। | (ক) বিবিএস এর প্রকাশনা খাতের নিয়মিত বরাদ্দ থেকে এর ব্যয়ভার বহন করা হবে।<br>(খ) এ কার্যক্রমটি জাতীয়ভাবে কেন্দ্রীয় কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় কাজটি যথাযথ এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>(গ) ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে কাজটি সম্পাদন করতে হবে।<br>(ঘ) ২ হাজার কপি মুদ্রণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। |
| ০৫. | জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠন এবং এ দুটি প্রতিষ্ঠানের অতীত, | 'স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থার তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুত উপকমিটি' যে প্রকাশনা প্রস্তুত করবে এর আলোকে এ কমিটি ডকুমেন্টারী তৈরি করার ব্যাপারে আলোচনায় উপকমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ সাদ্দাম হোসেন খান, উপপরিচালক জানান উপকমিটির সর্বশেষ সভায় বিবিএস এর মহাপরিচালক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিটিভির আর্কাইভ থেকে নমুনা ডকুমেন্টারি প্রাপ্তির নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) জনাব জাফর আহাম্মদ খান, পরিচালক (যুগ্মসচিব) এর পরিবর্তে জনাব জিয়াউদ্দিন আহমেদ, পরিচালক এই কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।<br>(খ) এ ডকুমেন্টারী হবে শুধুমাত্র তথ্যচিত্রভিত্তিক এবং তা হবে সর্বোচ্চ ১০ মিনিটের। উপজীব্য বিষয় হবে ০৪ নম্বর উপ কমিটির প্রকাশনা।<br>(গ) বিবিএস এ ডকুমেন্টারী তৈরির বাজেট ৫(পাঁচ) লক্ষ টাকার মধ্যে প্রকৃত ব্যয়ভার বহন করবে।<br>(ঘ) ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে কাজটি সম্পাদন করতে হবে।<br>(ঙ) এ কার্যক্রমটি জাতীয়ভাবে কেন্দ্রীয় কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় |

| | | | |
|---|---|---|---|
| | বর্তমান ও ভবিষ্যত সম্পর্কে ডকুমেন্টারি তৈরি | | কাজটি যথাযথ এবং যথাসময়ে সম্পন্ন করতে হবে। |
| ০৬. | ০২ জানুয়ারি ২০২১ কে জনশুমারি ও গৃহগণনা এর রেফারেন্স তারিখ হিসেবে ধার্য করে শুমারি পরিচালনা। | বাস্তবায়ন কমিটিতে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল যে, ০২ জানুয়ারি ২০২১ তারিখকে রেফারেন্স তারিখ হিসেবে ধরে ১৭ মার্চ ২০২০ হতে 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' এর কাউন্ট ডাউন শুরু করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) ০২ জানুয়ারি ২০২১ কে রেফারেন্স তারিখ হিসাবে ধার্য করে ১৭ মার্চ ২০২০ থেকে কাউন্ট ডাউন শুরু করতে হবে।<br>(খ) মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কে ১৭ মার্চ ২০২০ কাউন্ট ডাউন শুভ উদ্বোধনের জন্য অনুরোধ জানানো হবে।<br>(গ) কাউন্ট ডাউন সফটওয়্যার প্রস্তুত ও জনসম্মুখে প্রচার ও প্রকাশের সার্বিক ব্যয়ভার 'জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১' বহন করবে। |
| ০৭. | বিবিধ | সভায় জনাব মোঃ সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির একটি পত্র সভায় পাঠ করেন। উক্ত পত্রে ১৭ মার্চ ২০২০ এ করণীয় সম্পর্কে বিস্তারিত উল্লেখ রয়েছে। উক্ত পত্রের যে যে অংশের উপর এই বিভাগের করণীয় রয়েছে তা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবে:<br>(ক) পরিসংখ্যান ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br>(খ) ভবনটি আলোক সজ্জায় সজ্জিতকরণ।<br>(গ) বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন।<br>(ঘ) আলোচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন এবং একই সময়ে মাননীয় মন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু মেমোরিয়াল, 'জনশুমারি ও গৃহগণনার কাউন্ট-ডাউনের উদ্বোধন ও প্রকাশনার মোড়ক উন্মোচন।<br>(ঙ) বিকাল ৪.০০ ঘটিকায় কেন্দ্রীয় অনুষ্ঠান শুরু হবে বিধায় এর পূর্বেই SID ও BBS কর্তৃক গৃহীত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
(সৌরেন্দ্র নাথ চক্রবর্তী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি

নং-৫২.০০.০০০০.০০৫.০৫.০৯৮.১৯.৩৩৬৭/১(০৯)　　　　　　তারিখঃ ০৮ পৌষ ১৪২৬ / ২৩ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ড.কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৫ম তলা) ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০২। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।
০৪। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অফিস কপি।

(মোঃ রফিকুল ইসলাম)
উপসচিব
ও
সদস্য সচিব
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি
☎ ৫৫০০৭০৭৭